তারিখ 2 … পৃষ্ঠা ৪ … কলাম ২

# চবিতে ইয়ুথ ফেস্টের বিভাগীয় পর্ব

▩ চবি প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) অনুষ্ঠিত হলো বাংলাদেশ ইয়ুথ ফেস্টের চট্টগ্রাম বিভাগীয় রাউন্ড। গতকাল সোমবার বাংলাদেশ ব্র্যান্ড ফোরামের আয়োজনে চবির ব্যবসায় প্রশাসন অনুষদ মিলনায়তনে অনুষ্ঠিত হয় চট্টগ্রাম পর্ব. অনুষ্ঠানটির মিডিয়া পার্টনার হিসেবে ছিল সমকাল।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণা করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী। এ ছাড়া বিশেষ অতিথি হিসেবে উপ-উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. কামরুল হুদা, প্রক্টর আলী আজগর চৌধুরী, ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন ও শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এ এফ এম আওরঙ্গজেব, আইন অনুষদের ডিন ড. আবু নোমান, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সভাপতি মো. কামাল উদ্দীন, ইংরেজি বিভাগের সভাপতি প্রফেসর ড. কামাল উদ্দীন, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সহযোগী অধ্যাপক মো. ফরিদুল আলমসহ প্রমুখ।

এবারের আয়োজনে আইডিয়া কম্পিটিশন, ইন্সপাইরেশন টক, ভ্যালু ডিসকাশন, স্কিল ওয়ার্কশপ, ওপেন মাইকসহ বেশ কয়েকটি অংশে বিভক্ত করা হয়েছে। চট্টগ্রামের পাঁচটি পণ্যের ব্র্যান্ডিং নিয়ে বিজনেস আইডিয়া কম্পিটিশনের আহ্বান করা হয়। চট্টগ্রামের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা মোট দেড় শতাধিক আইডিয়া জমা দেন।

পাশাপাশি বিভিন্ন রকম অনুপ্রেরণার গল্প শোনান সঙ্গীতশিল্পী ও সাংবাদিক এলিটা করিম, সঙ্গীতশিল্পী ও মিডিয়া ব্যক্তিত্ব পার্থ বড়ুয়া, আমরাই বাংলাদেশের সহ-প্রতিষ্ঠাতা আরিফ আর হোসাইন, ইয়ুথ অপরচুনিটিসে সহ-প্রতিষ্ঠাতা ওসামা বিন নূর, আমরা নেটওয়ার্কসের হেড অব মার্কেটিং সোলাইমান সুখন, টেন মিনিট স্কুলের প্রতিষ্ঠাতা আয়মান সাদিক, ফটোগ্রাফার প্রীত রেজা, মোটিভেশনাল স্পেশালিস্ট সামদানী ডন, ফিউচার লিডারস প্রধান নির্বাহী কাজী এম আহমেদ, মার্কেটিং সোসাইটি অব বাংলাদেশের পরিচালক আশরাফ বিন তাজ, ওয়ান নাইনটি সেভেন কমিউনিকেশন্স-এর কান্ট্রি ম্যানেজার শাহানা শারমিন, সঙ্গীতশিল্পী অবন্তী সিঁথি এবং ইউজার এক্সপেরিয়েন্স বিশেষজ্ঞ নাজমুল আহমেদ।